তারিখ 23 OCT 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

47

## নয়া অধ্যাদেশ প্রত্যাহার করুন ঃ প্রকৌশল ভার্সিটি শিক্ষক সমিতি

প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি শিক্ষা প্রতিষ্ঠান (শান্তি-শৃংখলা) অর্ডিন্যান্সের নিন্দা করেছে এবং দেশের সার্বিক শিক্ষা ব্যবস্থার স্বার্থে অবিলম্বে এ অধ্যাদেশ প্রত্যাহারের দাবী জানিয়েছে।

(৪-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি শিক্ষক সমিতি

(প্রথম পৃঃ পর)

গতকাল শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মুজিবুর রহমানের সভাপতিত্বে শিক্ষকদের এক জরুরী সাধারণ সভায় প্রকৌশল বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার দাবী জানানো হয়।

সভায় জারীকৃত অর্ডিন্যান্সের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের প্রতি আহবান জানানো হয়।

**ইউকসু**

প্রকৌশল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ইউকসু) জি এস রাফেল কবির এক বিবৃতিতে নয়া অর্ডিন্যান্সের নিন্দা করে বলেছেন, ছাত্র সমাজের জন্য এ অর্ডিন্যান্স একটি 'ষড়যন্ত্র' মাত্র।